



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৭৩০৩১, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd



তারিখ: ০৭/০৬/২০২৩ খ্রি.

দ্বিতীয় মেধা তালিকা থেকে অনার্স প্রথম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

দ্বিতীয় মেধা তালিকা থেকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত দ্বিতীয় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ০৮ জুন ২০২৩ বৃহস্পতিবার থেকে ১৪ জুন ২০২৩ বুধবার পর্যন্ত প্রতিদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা থেকে বেলা ০৩.০০ টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনফরম ভর্তি কমিটির নিকট প্রদর্শন করতে হবে। নির্ধারিত ফি প্রদান করে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

উল্লেখ্য, প্রথম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

দ্বিতীয় মেধা তালিকা থেকে ভর্তি ফি :


কলেজ অফিসের হিসাব শাখায় জমার পরিমাণ : ৩,০৯০/-

বিভাগীয় অফিসে জমার পরিমাণ : ২,৪৫০/-

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- ডাউনলোডকৃত ভর্তির আবেদনফরম ০২ কপি।
- এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের মূল কপি।
- এসএসসি এবং এইচএসসি রেজিস্ট্রেশন কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি (০২ সেট)।
- সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৫ কপি রঙিন ছবি।
- প্রাথমিক আবেদনপত্রের ফটোকপি।
- প্রযোজ্য ক্ষেত্রে পাঠবিবর্তির সনদ।
- কলেজ কর্তৃক সরবরাহকৃত ভর্তি ফরম সংগ্রহ ও যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।


[বিঃদ্র: ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে হিসাব শাখায় ভর্তি ফি জমা দিয়ে শিক্ষক পরিষদ কার্যালয়ে ভর্তি কমিটির কাছ থেকে সাময়িক পরিচয়পত্র গ্রহণ করে বিভাগ থেকে স্বাক্ষর করাতে হবে।]

✓ 

অধ্যক্ষ

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

✓ 

আহবায়ক

স্নাতক সন্মান প্রথম বর্ষ ভর্তি কমিটি ২০২২-২০২৩

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ